

# এসএসসি পরীক্ষা নির্বিঘ্ন করতে আট পদক্ষেপ

আল্লাহর দোহাই  
ছেলেমেয়েদের  
নিশ্চিন্তে  
পরীক্ষা দিতে  
দিন : শিক্ষামন্ত্রী

## ■ বিশেষ প্রতিনিধি

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেন, '২ ফেব্রুয়ারি নির্ধারিত দিনেই এসএসসি পরীক্ষা শুরু হবে। ১৪ লাখ শিক্ষার্থীর ভবিষ্যতের কথা ওরফে দিয়ে বিএনপিসহ ২০ দলীয় জোটকে সহিংসতার পথ পরিহার করতে হবে। আর কোনো বিকল্প নেই। তাদের মধ্যে মানবিক মূল্যবোধ চাপা পড়ে আছে। আশা করি, তা জাগ্রত হবে এবং ছেলেমেয়েদের পরীক্ষা নিশ্চিত দেওয়ার জন্য ব্যবস্থা করবেন। তিনি বিএনপির প্রতি অনুরোধ জানিয়ে বলেন, 'আল্লাহর দোহাই, মানবতার দোহাই- দীর্ঘ করে আমাদের ছেলেমেয়েদের নিশ্চিত পরীক্ষা দেওয়ার ব্যবস্থা করে দিন।' এসএসসি পরীক্ষার প্রস্তুতি নিয়ে গতকাল বুধবার আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যদের সঙ্গে নিজ

■ পৃষ্ঠা ১৩ : কলাম ১

# এসএসসি পরীক্ষা নির্বিঘ্ন করতে আট

## প্রথম পৃষ্ঠার পর

মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত সভা শেষে তিনি এ কথা বলেন। নুরুল ইসলাম নাহিদ বলেন, নির্বিঘ্নে সূষ্ঠ পরিবেশে এসএসসি ও সমমানের পরীক্ষা গ্রহণের জন্য চলমান সহিংসতা বন্ধ ছাড়া কোনো বিকল্প পথ নেই। দেশের ১৪ লাখ শিক্ষার্থীর ভবিষ্যতের কথা ওরফে দিয়ে বিএনপিসহ ২০ দলীয় জোটকে সহিংসতার পথ পরিহার করতে হবে। তিনি বলেন, ২০ দলীয় জোটের অবরোধ-হরতালের নামে 'সহিংস কর্মসূচিতে মানুষ পোড়ানো হচ্ছে। সাধারণ মানুষের এই দুর্ভোগ কোনোভাবেই কাম্য নয়। দেশের ৬ কোটি শিক্ষার্থীর পরিবারের পক্ষ থেকে অবরোধ আহ্বানকারীদের কাছে আমাদের আহ্বান, এসএসসি পরীক্ষার সময় অবরোধ-হরতাল বন্ধ রাখুন। তিনি আরও বলেন, ২০ দলীয় জোটের চলমান অবরোধ-হরতালে সাধারণ মানুষের কিছুই আসে যায় না। ওধু মানুষের মনে আতঙ্ক রয়েছে। শিক্ষার্থী-অভিভাবকরা উদ্ভিন্ন। আমরাও উদ্ভিন্ন। এ সময় আরও উপস্থিত ছিলেন শিক্ষা সচিব নজরুল ইসলাম খান, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর ফাহিমা খাতুন, শিক্ষা, জনপ্রশাসন, তথ্য ও স্মার্ট মন্ত্রণালয়ের প্রতিনিধিরা এবং বিভিন্ন শিক্ষা বোর্ডের চেয়ারম্যানরা।

পরীক্ষা নিতে সরকারের সর্বাঙ্গিক প্রস্তুতি : বিএনপির অবরোধ কর্মসূচির মধ্যেই আগামী ২ ফেব্রুয়ারি থেকে এসএসসি ও সমমান পরীক্ষা গ্রহণের সর্বাঙ্গিক পদক্ষেপ নিয়েছে সরকার। এ জন্য আটটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

পরীক্ষার্থীদের কেন্দ্রে আসা-যাওয়ার সময় পর্যাপ্ত নিরাপত্তার ব্যবস্থা রাখার জন্য সব জেলা পুলিশ সুপারকে (এসপি) নির্দেশ দেওয়া হয়েছে।

এ ছাড়া পরীক্ষার প্রশ্নপত্র ও খাতা আদান-প্রদানের সুবিধার্থে রেলওয়ে ও ডাক বিভাগে চিঠি দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। পাশাপাশি প্রশ্নপত্রের নিরাপত্তা বিধানে জেলা প্রশাসকদের চিঠি দেওয়া, এ বছরের এসএসসি ও সমমানের প্রশ্নপত্র যুদ্ধের সঙ্গে জড়িত বিজ্ঞি প্রেসের কর্মকর্তা-কর্মচারীদের ওপর পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত কঠোর নজরদারি, আইন-শৃঙ্খলা পরিস্থিতি নাজুক থাকা উপজেলা ও জেলাগুলোতে র্যাবের টহল বাড়ানো, ফেসবুকসহ ইন্টারনেটের বিভিন্ন ওয়েবসাইটে চোখ রাখতে বিটিআরসির 'সার্ট' (কম্পিউটার সিকিউরিটি ইনসিডেন্ট রেসপন্স টিম) সক্রিয় ও কার্যকর রাখা, পরীক্ষা কেন্দ্রে ডিজিটেল টিমের সংখ্যা বাড়ানো, দেশজুড়ে গোয়েন্দা সংস্থার তৎপরতা বাড়ানো, প্রশ্ন ফাঁসে জড়িত না হওয়া এবং পরীক্ষা চলাকালে নাশকতা ও ভয়ভীতিতে ভীত না হয়ে পরীক্ষা কেন্দ্রে আসার জন্য পরীক্ষার্থীদের সচেতন করতে টেলিভিশন প্রচারণার জন্য তথ্য মন্ত্রণালয়ে চিঠি দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে শিক্ষা মন্ত্রণালয়।

এসবের সঙ্গে সঙ্গে এসএসসি পরীক্ষা চলাকালে একজন উপসচিবের নেতৃত্বে শিক্ষা মন্ত্রণালয়ে সার্বক্ষণিক একটি নিয়ন্ত্রণ কক্ষ খোলা হবে। এ কক্ষের সঙ্গে র্যাব ও পুলিশ বাহিনীর সার্বক্ষণিক যোগাযোগ থাকবে। প্রশ্নপত্র ফাঁস কিংবা পরীক্ষার্থী, শিক্ষক-অভিভাবক বা পরীক্ষা কেন্দ্রে কোনো ধরনের নাশকতা বা হামলা হলে

সঙ্গে সঙ্গে আইন-শৃঙ্খলা বাহিনী যেন কাপিয়ে পড়তে পারে সে উদ্যোগ নেওয়া হচ্ছে। শিক্ষা মন্ত্রণালয়ের উপসচিব গৌতম কুমারকে এ নিয়ন্ত্রণ কক্ষের ইনচার্জের দায়িত্ব দেওয়া হয়েছে।

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের সভাপতিত্বে ১৪ জানুয়ারি অনুষ্ঠিত এক আন্তঃমন্ত্রণালয় সভায় এসব সিদ্ধান্ত নেওয়া হয়। এরই মধ্যে এসব সিদ্ধান্তের বাস্তবায়ন শুরু হয়েছে।

শিক্ষা মন্ত্রণালয় সূত্র জানায়, এবারের এসএসসি পরীক্ষা গ্রহণকে একটি চ্যালেঞ্জ হিসেবেও নিয়েছে সরকার। পরীক্ষা সূষ্ঠভাবে গ্রহণের জন্য এরই মধ্যে সব বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক, পুলিশ সুপার ও উপজেলা নির্বাহী কর্মকর্তাদের চিঠি দিয়েছেন শিক্ষা সচিব। শিক্ষা মন্ত্রণালয়ে ১৭২২ নম্বর কক্ষে নিয়ন্ত্রণ কক্ষ স্থাপন করা হয়েছে। মন্ত্রণালয়ের ওয়েবসাইটের 'হোম পেজে পরীক্ষার, কন্ট্রোল রুমের জন্য examcontrolroom নামে লিংক স্থাপন করা হয়েছে। কন্ট্রোল রুমের জন্য দুটি ইউনিক নম্বরের মোবাইল ফোন ব্যবহার করা হবে। ফোন নম্বর দুটি হলো ০১৭৭৭৭০৭৭০৫, ০১৭৭৭৭০৭৭০৬। কন্ট্রোল রুমের ই-মেইল আইডি examcontrolroom@mbedu.gov.bd।

সারাদেশের পরীক্ষা কেন্দ্রগুলোতে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য বিদ্যুৎ বিভাগে চিঠি দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। আইন-শৃঙ্খলার জন্য স্মার্ট সচিবকে চিঠি দেওয়ার পাশাপাশি পরীক্ষা শেষে উত্তরপত্র এবং ওএমআর শিটসই গোপনীয় কাগজপত্র শিক্ষা বোর্ডে পাঠানোর জন্য ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় ও রেলপথ মন্ত্রণালয়কে চিঠি দিয়েছেন শিক্ষা সচিব।